

ছাত্রলীগ কর্মীদের বিরুদ্ধে ২ ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ

রাবি সংবাদদাতা •

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২ ছাত্রীকে ছাত্রলীগের কর্মীরা যৌন হয়রানি করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত ছাত্রলীগ কর্মীরা হলেন বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী সূজন প্রামাণিক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী লিটন।

ডুক্রডোগী ছাত্রীদের একজন বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের তৃতীয় বর্ষের অন্যান্য

পদার্থ বিজ্ঞান বিভাগের দ্বিতীয়

বর্ষের শিক্ষার্থী। যৌন হয়রানির বিষয়ে প্রতিকার চেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর দপ্তরে লিখিত অভিযোগ দিয়েছেন তারা। এছাড়া বিশ্ববিদ্যালয়ের যৌন হয়রানি ও নিপীড়ন নিরোধ কমিটির কাছে অভিযোগ করেন। লিখিত অভিযোগ থেকে জানা গেছে গত সোমবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ওই ২ ছাত্রী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের পেছনের রাস্তা দিয়ে হলে ফিরছিলেন। এ সময় পাশের ছাত্রলীগের টেব্লেটের সামনে তাদের পথরোধ করেন ছাত্রলীগ কর্মী সূজন ও লিটন। ওই দুই ছাত্রী শরীরে ধাক্কা লাগার ভয়ে দ্রুত রাস্তার পাশে চলে যান। এ সময় দুই ছাত্রলীগ কর্মী তাদের অশালীন উক্তি ও অসভ্য করে। এক

ছাত্রী এর প্রতিবাদ করলে সূজন ও লিটন তার শরীরে হাত দেওয়ার চেষ্টা করে। কিছু দূরে দাঁড়িয়ে থাকা কয়েক শিক্ষার্থী ঘটনাস্থলে পৌঁছালে ছাত্রলীগ কর্মীরা পাশে সরে যান। পরে তাত্ক্ষণিক বিষয়টি বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকে জানালে এক সহকারী প্রক্টর ও পুলিশকে ঘটনাস্থলে পাঠান। শিক্ষার্থীরা পুলিশকে অভিযোগ জানালেও কোনো ব্যবস্থা নেয়নি। সহকারী প্রক্টর শিক্ষার্থীদের এ ব্যাপারে লিখিত অভিযোগ দিতে বলেন। লিখিত

অভিযোগে আরও উল্লেখ করা হয়,

তারা এ ঘটনায় নিরাপত্তাহীনতায় ভুগছেন। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর মোলাইমান চৌধুরী বলেন, ঘটনাস্থলে গিয়ে ছাত্রীদের সঙ্গে কথা বলি। লিখিত অভিযোগের ভিত্তিতে প্রক্টর অফিস এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। ছাত্রলীগের কর্মী সূজন প্রামাণিকের মুঠোফোনে যোগাযোগ করা হলে অন্য একজন রিসিভ করে বলেন, সূজন ব্যস্ত আছে। তিনি কথা বলতে পারবেন না। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি নিজামুর রহমান রানা বলেন, ছাত্রী হয়রানির বিষয়টি খতিয়ে দেখা হবে। এ বিষয়ে প্রমাণ পেলে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়